

# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৯১

পরিচ্ছেদঃ যে ব্যাক্তি মুযদালিফায় ইমামকে পাবে সে হজ্জ পেল বলে গন্য হবে।

باب مَا جَاءَ فِيمَنْ أَدْرَكَ الإِمَامَ بِجَمْعٍ فَقَدْ أَدْرَكَ الْحَجَّ

### আরবী

حَدَّتَنَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّتَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةً، عَنْ سُفْيَانَ التَّوْرِيِّ، عَنْ بُكَيْرِ بْنِ عَطَاءٍ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْمَرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَهُ بِمَعْنَاهُ . وَقَالَ ابْنُ أَبِي عُمَرَ قَالَ سُفْيَانُ التَّوْرِيُّ . قَالَ أَبُو عِيسَى عُمَرَ قَالَ سُفْيَانُ التَّوْرِيُّ . قَالَ أَبُو عِيسَى وَالْعَمَلُ عَلَى حَدِيث عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَعْمَرَ عِنْدَ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ أَنَّهُ مَنْ لَمْ يَقِفْ بِعَرَفَاتٍ قَبْلَ طُلُوعِ الْفَجْرِ فَقَدْ فَاتَهُ الْحَجُّ وَلاَ يُجْزِئُ عَلَيْهِ الْحَجْ مِنْ قَابِلٍ . وَهُوَ قَوْلُ التَّوْرِيِّ عَنْهُ إِنْ جَاءَ بَعْدَ طُلُوعِ الْفَجْرِ وَيَجْعَلُهَا عُمْرَةً وَعَلَيْهِ الْحَجُّ مِنْ قَابِلٍ . وَهُوَ قَوْلُ التَّوْرِيِّ عَنْهُ إِنْ جَاءَ بَعْدَ طُلُوعِ الْفَجْرِ وَيَجْعَلُهَا عُمْرَةً وَعَلَيْهِ الْحَجُّ مِنْ قَابِلٍ . وَهُوَ قَوْلُ التَّوْرِيِّ عَلَا أَنُهُ وَلَا يَجْزِئُ وَالسَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى شُعْبَةُ عَنْ بُكَيْرِ بْنِ عَطَاءٍ نَحْوَ حَدِيثَ الثَّوْرِيِّ . قَالَ وَسَمِعْتُ الْجَارُودَ يَقُولُ سَمِعْتُ وَكِيعًا أَنَّهُ ذَكَرَ هَذَا الْحَدِيثَ فَقَالَ حَدِيثُ الْمُنَاسِكِ .

#### বাংলা

৮৯১. ইবনু আবী উমার (রহঃ) ..... আব্দুর রহমান ইবনু ইয়া'মুর (রাঃ) সূত্রে নবী থেকে এই মর্মে অনূরূপ বর্ণিত আছে। ইবনু আবী উমার (রহঃ) বলেছেন যে, সুফিয়ান ইবনু উআয়না বলেন, এটি একটি উত্তম রিওয়ায়াত যা সুফিয়ান ছাওরী (রহঃ) রিওয়ায়াত করেছেন। ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, সাহাবী ও অন্যান্য আলিম আব্দুর রহমান ইবনু ইয়া'মুর (রাঃ)-এর হাদিস অনুসারে আমল করেছেন। তাঁরা বলেন ফজর উদয়ের পূর্ব পর্যন্ত যদি কেউ উক্ফে আরাফা করতে না পারে তার হজ্জ ফওত হয়ে যাবে। ফজরের উদয়ের পর যদি আসে তবে তা ধর্তব্য হবে না। বরং তা উমরা হয়ে যাবে এবং আগামী বছর তাকে হজ্জ সম্পাদন করতে হবে। এহলো ছাওরী, শফিঈ, আহমদ ও ইসহাক (রহঃ) - এর অভিমত। শু'বা (রহঃ) ও বুকায়র ইবনু আতা (রহঃ) কে বলতে শুনেছি যে, ওয়াকী' এই হাদিসটি রিওয়ায়াত করে বলেছেন, এই হাদিসটি হলো হজ্জ সম্পর্কিত হাদিসসমূহের মূল। - তিরমিজী হাদিস নম্বরঃ ৮৯০ [আল মাদানী প্রকাশনী]



## **English**

## See Previous Hadith.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবন ইয়ামুর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন